ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৬৬
আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**বহির্রাজ্য থেকে শূকর আনার ক্ষেত্রে বিধিনিষেধ জারি**

শূকরের সংক্রামক রোগের কারণে শূকর পালকদের ক্ষতি প্রতিরোধে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর এক বিজ্ঞপ্তি জারি করেছে। পরবর্তী আদেশ জারি হওয়া পর্যন্ত রাজ্যের বাইরে থেকে রাজ্যে বা রাজ্যের মধ্য দিয়ে শূকর পরিবহণ করা যাবে না। রাজ্যের বাইরে থেকে কোন শূকর নিয়ে আসতে হলে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে আগাম অনুমোদন নিতে হবে। রাজ্যের প্রবেশ দ্বারে রেল/সড়ক পথে আনা কনসাইন্টমেন্টকে একমাত্র ট্রান্সপোর্টেশন অব অ্যানিম্যালস রুলস ২০০১-এর ৯৬নং রুল অনুসরণ করেই প্রবেশের অনুমতি দেওয়া হবে। সেক্ষেত্রে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পশু চিকিৎসকগণ শূকরের স্বাস্থ্য ও ভ্যাকসিনেশন দেখেই অনুমোদন দেবেন। প্রবেশদ্বারে পৌঁছানোর কমপক্ষে ৪৮ ঘন্টা আগে দপ্তরের অধিকর্তাকে এব্যাপারে জানাতে হবে। বাণিজ্যিক কারণে আনা কোন শূকরকে ঢুকতে দেওয়া হবে না। তাছাড়া আদেশ অনুযায়ী প্রবেশদ্বারে পশুদের স্বাস্থ্য পরীক্ষার সমস্ত ব্যয় সংশ্লিষ্ট পরিবহণকারীকে বহন করতে হবে এবং যদি কোন শূকর অসুস্থ বলে চিহ্নিত হয় তাহলে সরকারি নিয়ম মেনে সেটিকে রাজ্য থেকে উপযুক্ত ভাবে সরিয়ে ফেলার দায়িত্বও সেই পরিবহণকারীর থাকবে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****